দৈনিক সংবাদ

তারিখ ... 14 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

2/

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধে সরকারকে বাধ্য করা হবে ঃ হাসিনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের ভবিষ্যৎ সন্তানদের শিক্ষা জীবন ধ্বংস করার জন্য দেশজুড়ে শিক্ষাঙ্গনে সন্ত্রাস ছড়িয়ে দেয়া হচ্ছে। ছাত্র সমাজের শিক্ষা জীবন রক্ষার্থে যেকোন উপায়ে সন্ত্রাস বন্ধ করতে সরকারকে বাধ্য করা হবে।

ঢাকায় প্রাপ্ত খবরে জানা যায়, শেখ হাসিনা গতকাল রোববার সকালে টুঙ্গিপাড়া শেখ মুজিবুর রহমান কলেজের ষষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে

হাসিনা ঃ পৃঃ ৮ কঃ ৩

## হাসিনা ঃ সন্ত্রাস ছড়িয়ে দেয়া হচ্ছে

(১ম পাতার পর)

একথা বলেন। কলেজের অধ্যক্ষ মোল্লাহ মোঃ নূরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তৃতা দেন গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ আলী খান আবু মিয়া, সাধারণ সম্পাদক শেখ মোঃ আবদুল্লাহ, ডাকসুর সাবেক ভিপি সুলতান মোঃ মনসুর আহমেদ, ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আবদুর রহমান।

অনুষ্ঠানে শেখ হাসিনাকে মানপত্র দেয়া হয় ও বিপুলভাবে মাল্যভূষিত করা হয়।

শেখ হাসিনা বলেন, ক্ষমতাসীনদের কর্মকান্ড জনস্বার্থবিরোধী হওয়ায় বিরাজমান পরিস্থিতি আরো তীব্র হচ্ছে। জনগণের সমস্যা সমাধানে ব্যর্থ হয়ে তারা দেশপ্রেমিক গণতান্ত্রিক প্রগতিশীল রাজনৈতিক শক্তির বিরুদ্ধে মিথ্যা প্রচারণা ও কুৎসা রটানোয় লিপ্ত হয়েছে।

তিনি বলেন, ক্ষমতাসীনরা এসব করেও ক্ষান্ত হচ্ছে না, তারা চরমভাবে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি করে চলছে। স্বাধীনতাবিরোধী ও ঘাতক শক্তি সন্ত্রাসী কর্মকান্ডে ইন্ধন যোগাচ্ছে। তিনি শান্তির ধর্ম ইসলামের মর্মবাণী সামনে রেখে ধর্ম ব্যবসায়ীদের কাছ থেকে মসজিদের পবিত্রতা রক্ষার জন্য সকল ধর্মপ্রাণ জনগণের প্রতি আবেদন জানান।

শেখ হাসিনা বলেন, আমরা বিরোধী দলে আছি। তাই ইচ্ছা থাকলেও ক্ষমতা নেই আমাদের। তারপরও জনগণের সমস্যা সমাধানে সাধ্যমত চেষ্টা চালিয়ে যাচ্ছি।

তিনি বলেন, জনগণের অপরিসীম ত্যাগ ও রক্তঝরা সংগ্রামের মধ্য দিয়ে স্বৈরাচারের পতন ঘটানো সম্ভব হলেও জনগণের আশা পূরণ হয়নি। জনগণ আশা করেছিল পরিবর্তিত পরিবেশে তাদের ভাগ্য পরিবর্তনের সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা হবে।

শেখ হাসিনা বলেন, দেশের অধিকাংশ লোকের বাস গ্রামে। রাষ্ট্রীয় অর্থনীতির চাবিকাঠি গ্রাম। অথচ '৭৫ পরবর্তী সরকারগুলো গ্রামবাংলার দরিদ্র জনগণের ভাগ্য উন্নয়নে যথোচিত পদক্ষেপ না নেয়ায় গ্রামের জনগণ চরম অবহেলিত অবস্থায় দিনযাপন করছে। উন্নয়নের ছোঁয়া না লাগায় গ্রামের মানুষের দু'বেলা ভাত জুটছে না। তাদের কাপড় নেই, মাথা গোঁজার ঠাঁই নেই। দিনমজুরদের কাজ নেই। চিকিৎসা ব্যবস্থা অপ্রতুল।

শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পর এদেশে সাম্প্রদায়িক রাজনীতির নবতর ধারার সূচনা হয়। তারই বিষবাষ্প ছড়িয়েপড়ছেসারাদেশে।

অনুষ্ঠানে শেখ হাসিনা কলেজের একটি ছাত্রাবাস নির্মাণের প্রাথমিক অনুদান হিসেবে ৫০ হাজার টাকা প্রদানের ঘোষণা দেন।

শেখ হাসিনা আজ সোমবার টুঙ্গিপাড়া থেকে ঢাকা ফিরে আসছেন।